

💵 মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ৫৬৯

১٩. योकां (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ৩. খনিজ দ্রব্যের যাকাত

بَابِ الزَّكَاةِ فِي الْمَعَادِنِ

আরবী

حَدَّثَنِي يَحْيَى عَنْ مَالِك عَنْ رَبِيعَةَ بْنِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ عَنْ غَيْرِ وَاحِدٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَطَعَ لِبِلَالِ بْنِ الْحَارِثِ الْمُزَنِيِّ مَعَادِنَ الْقَبَلِيَّةِ وَهِيَ مِنْ نَاحِيَةِ الْفُرُعِ فَتِلْكَ الْمَعَادِنُ لَا يُوْخَذُ مِنْهَا إِلَى الْيَوْمِ إِلَّا الزَّكَاةُ الْفُرُعِ فَتِلْكَ الْمَعَادِنُ مِمَّا يَخْرُجُ مِنْهَا شَيْءٌ حَتَّى يَبْلُغَ مَا قَالَ مَالِكَ أَرَى وَاللَّهُ أَعْلَمُ أَنَّهُ لَا يُؤْخَذُ مِنْ الْمَعَادِنِ مِمَّا يَخْرُجُ مِنْهَا شَيْءٌ حَتَّى يَبْلُغَ مَا يَخْرُجُ مِنْهَا قَدْرَ عِشْرِينَ دِينَارًا عَيْنًا أَوْ مِائَتَيْ دِرْهَمٍ فَإِذَا بَلَغَ ذَلِكَ فَفِيهِ الزَّكَاةُ وَمَا يَخْرُجُ مِنْهَا قَدْرَ عِشْرِينَ دِينَارًا عَيْنًا أَوْ مِائَتَيْ دِرْهَمٍ فَإِذَا بَلَغَ ذَلِكَ فَفِيهِ الزَّكَاةُ مَكَانَهُ وَمَا يَخْدُرُ مِنْهَا قَدْرَ عِشْرِينَ دِينَارًا عَيْنًا أَوْ مِائَتَيْ دِرْهَمٍ فَإِذَا بَلَغَ ذَلِكَ فَفِيهِ الزَّكَاةُ مَكَانَهُ وَمَا زَادَ عَلَى ذَلِكَ أَفُولُ قَالَ مَالِكَ وَالْمَعْدِنُ بَعْدَ لَكَى ذَلِكَ نَيْلٌ فَهُو مِثْلُ الْأَوَّلِ يُبْتَدَأُ فِيهِ الزَّكَاةُ كَمَا ابْتُدَبَّتْ فِي الْأَوْلِ قَالَ مَالِكَ وَالْمَعْدِنُ مِنْ الْمَعْدِنُ مِنْ الْمَعْدِنُ مِنْ الزَّرْعِ يُوخُذُ مِنْهُ إِذَا حَرَجَ مِنْ الْمَعْدِنِ مِنْ الْوَرْعِ يُوجُولَ عَلَيْهِ الْوَرْعِ يُوخُذُهُ مِنْ الْمَعْدِنِ مِنْ الْرَّرْعِ إِذَا حُصِدَ الْعُشْرُ وَلَا يُنْتَظَرُ أَنْ وَلَا يُنْتَظَرُ أَنْ

বাংলা

রেওয়ায়ত ৮. রবীআ ইবন আবু আবদুর রহমান (রহঃ) হইতে একাধিকজন বর্ণনা করিয়াছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'ফুরআ' অঞ্চলে অবস্থিত কাবালিয়া খনিসমূহ বিলাল ইবন হারিস মুযানীকে জায়গীর হিসাবে দিয়াছিলেন। এইগুলি হইতে আজ পর্যন্ত যাকাত ব্যতীত আর কিছুই লওয়া হয় না।

মালিক (রহঃ) বলেনঃ খনি হইতে উত্তোলিত দ্রব্যের মূল্য দুইশত দিরহাম বা বিশ দীনারের পরিমাণ না হওয়া পর্যন্ত উহাতে যাকাত ধার্য হইবে না। কিন্তু ঐ পরিমাণ হইলে উহাতে যাকাত ধার্য করা হইবে। ইহার বেশি হইলে সেই অনুপাতে যাকাত নেওয়া হইবে। খনি মাঝখানে বন্ধ হইয়া যাওয়ার পর যদি আবার চালু হয় তবে সর্বপ্রথম চালু হওয়ার সময় যেমন যাকাত ধার্য করা হইয়োছিল তেমনি ইহাতে পুনরায় যাকাত ধার্য করা হইবে।



মালিক (রহঃ) বলেনঃ খনি শস্যক্ষেত্রের মতই, শস্যক্ষেত্রে যেমন ফসল উৎপন্ন হইলে উহাতে যাকাত ধার্য হয়, তেমনি খনি হইতে খনিজ দ্রব্য উত্তোলিত হইলে ইহা হইতে যাকাত নেওয়া হইবে। পূর্ণ এক বৎসর অতিক্রান্ত হওয়ার অপেক্ষা করা হইবে না।

English

Yahya related to me from Malik from Rabia ibn Abi Abd ar-Rahman from more than one source that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, assigned the mines of al Qabaliyya, which is in the direction of al-Fur, to Bilal ibn Harith al-Mazini, and nothing has been taken from them up to this day except zakat.

Malik said, "In my opinion, and Allah knows best, nothing is taken from what comes out of mines until what comes out of them reaches a value of twenty gold dinars or two hundred silver dirhams. When it reaches that amount there is zakat to pay on it where it is on the spot. Zakat is levied on anything over that, according to how much of it there is as long as there continues to be a supply from the mine. If the vein runs out, and then after a while more becomes obtainable, the new supply is dealt with in the same way as the first, and payment of zakat on it is begun on it as it was begun on the first.

Malik said, "Mines are dealt with like crops, and the same procedure is applied to both. Zakat is deducted from what comes out of a mine on the day it comes out, without waiting for a year, just as a tenth is taken from a crop at the time it is harvested, without waiting for a year to elapse over it."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন